গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফোনঃ ০২-৮৮৭৯৩১৫
E-mail: seae@rhd.gov.bd

স্মারক নং-১প্রশাঃ-১৯৮/২০১৭(১ম খন্ড)/১০৮২(১০০)-২  তারিখঃ ১৬/০৯/১৮

**নোটিশ**

প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকার সভাপতিত্বে '৪র্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮' আয়োজন উপলক্ষ্যে আগামী ২০-০৯-২০১৮ তারিখ রোজ বৃহস্পতিবার বিকেল ৩:০০ ঘটিকায় সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকাস্থ প্রধান প্রকৌশলীর সম্মেলন কক্ষে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় মাঠপর্যায়ের সকল অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণকে স্ব স্ব হেডকোয়ার্টারস্থ নির্বাহী প্রকৌশলীসহ এবং বৈদেশিক সাহায্যপুষ্ট বিভিন্ন প্রকল্পের প্রকল্প পরিচালকগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬/৯/১৮
(মোঃ মনিরুজ্জামান)
পরিচিতি নং-০০০৪২২
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

বিতরণ ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা/ময়মনসিংহ জোন, ময়মনসিংহ/কুমিল্লা জোন, কুমিল্লা/রাজশাহী জোন, রাজশাহী/বরিশাল জোন, বরিশাল/খুলনা জোন, খুলনা/চট্টগ্রাম জোন, চট্টগ্রাম/রংপুর জোন, রংপুর/সিলেট জোন, সিলেট/গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং/ব্রীজ ম্যানেজমেন্ট উইং/যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/টেকনিক্যাল সার্ভিসেস উইং, এলেনবাড়ী,তেজগাঁও, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ), ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি), ঢাকা/কাঁচপুর, মেঘনা ও গোমতি ২য় সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু পুনর্বাসন প্রকল্প, ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প: জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা সড়ক (এন-৪) ৪-লেনে মহাসড়কে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/টেকনিক্যাল এসিসট্যান্স ফর ডিটেইলড ষ্ট্যাডি এন্ড ডিজাইন অব ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে অন পিপিপি বেসিস প্রকল্প, ঢাকা/টেকনিক্যাল এ্যাসিসটেন্স ফর সাব-রিজিয়নাল রোড ট্রান্সপোর্ট প্রজেক্ট প্রিপ্রেরেটরি ফ্যাসিলিটি-II, ঢাকা/ওয়েষ্টার্ণ বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ঢাকা/ক্রস বর্ডার নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প-ওও এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/আশুগঞ্জ-নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চার লেনে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, ........................
৫। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ, সওজ), ৩য় কর্ণফুলী সেতু নির্মাণ প্রকল্প, চট্টগ্রাম/লেবুখালী সেতু নির্মাণ প্রকল্প, পটুয়াখালী/ঢাকা-সিলেট মহাসড়ক ভুলতায় ৪-লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ শীর্ষক প্রকল্প, ঢাকা/ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম সড়ক নির্মাণ শীর্ষক প্রকল্প, কিশোরগঞ্জ/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), ঢাকা।
৬। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
(সভায় উপস্থিতসহ আদেশটি দ্রুত সময়ের মধ্যে সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হলো)।
৭। নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, ........................ (মাঠপর্যায়ের হেডকোয়ার্টারস্থ)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলো ঃ

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

<u>৪র্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮ এ আলোচনা সংক্রান্ত সভার কার্যপত্র</u>

আলোচ্যসূচিঃ সরকারের ভবিষ্যত কর্মপরিকল্পনা,এমডিজি অর্জনে সরকারের সাফল্য ও এসডিজি কার্যক্রমে জনগণকে উদ্বুদ্ধ করা এবং রূপকল্প ২০২১ ও ২০৪১ এ উন্নত বাংলাদেশের প্রস্তাবনা সম্পর্কে জনগণকে অবহিতকরণ, উদ্বুদ্ধ ও সম্পৃক্তকরণের লক্ষ্যে আগামী ০৪-০৬ অক্টোবর ২০১৮ "৪র্থ জাতীয় উন্নয়ন মেলা" আয়োজন সংক্রান্ত।

০১। গত ০২-০৮-২০১৮ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে এবং গত ১৬-০৭-২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা আয়োজন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম প্রান্তিক পর্যায়ে তুলে ধরার লক্ষ্যে প্রতিবছরের ন্যায় জেলা ও উপজেলা পর্যায়ে ০৪-০৬ অক্টোবর ২০১৮ এ "৪র্থ জাতীয় উন্নয়ন মেলা" আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। গত ০২-০৮-২০১৮ তারিখে সড়ক ও মহাসড়ক বিভাগে অনুষ্ঠিত ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা ২০১৮ আয়োজন সংক্রান্ত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তের আলোকে আয়োজিতব্য উন্নয়ন মেলায় সড়ক ও জনপথ অধিদপ্তরের করণীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

০২। সভার সিদ্ধান্ত অনুযায়ী পূর্বের ন্যায় সফলভাবে উন্নয়ন মেলা আয়োজন করা যায় সে বিষয়ে মাঠপর্যায়ে অধিদপ্তরের কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করে বিষয়টি অবহিত করণ এবং সফল মেলা আয়োজনে মন্ত্রণালয়ের গত ০২-০৮-২০১৮ তারিখের সিদ্ধান্ত বিষয়ে মাঠপর্যায়ের কর্মকর্তাদের অবহিত করণ।

০৩। পূর্বের ন্যায় অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলা সফল করার লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে;

- সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম প্রান্তিক পর্যায়ে তুলে ধরার লক্ষ্যে ০৪-০৬ অক্টোবর ২০১৮ এ অনুষ্ঠিতব্য "৪র্থ জাতীয় উন্নয়ন মেলা"-তে প্রত্যেক জেলা এবং যে উপজেলার সাব-ডিভিশন আছে, সেখানে পর্যায়ে উন্নয়ন মেলার আয়োজন করা হবে।
- পূর্বের ন্যায় এবাররও প্রস্তাবিত ও জেলা প্রশাসন আয়োজিত উন্নয়ন মেলায় সকল জেলার সড়ক বিভাগের এবং যে সকল উপজেলায় উপ-বিভাগ আছে, সেখানে সওজ এর স্টল থাকবে। স্টলের জন্য ব্যানার, ব্রশিয়ার নমুনা সড়ক বিভাগের ফেইজবুক পেজ ও ওয়েবসাইটে দেয়ার জন্য আইটিসিকে অনুরোধ করা যেতে পারে।
- এ মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত ডকুমেন্টরির সিডি এবং সরকারের উন্নয়ন কার্যক্রমের উপর নির্মিত বুকলেট সকল জেলায় মন্ত্রণালয় হতে প্রাপ্তি সাপেক্ষে মাঠপর্যায়ে প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা যেতে পারে।
- মেলায় ব্যানার, ফেস্টুন ও লিফলেট প্রদর্শন ও বিতরণের ব্যবস্থা গ্রহণ।
- সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে মেলার স্টল বরাদ্দ এবং অন্যান্য কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে।
- মেলায় অংশ গ্রহণের নিমিত্তে প্রয়োজনীয় বাজেদ বরাদ্দ করা যেতে পারে।
- আসন্ন "৪র্থ জাতীয় উন্নয়ন মেলা ২০১৮" সাফল্যমন্ডিত করার লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরকে প্রতিযোগিতা এবং উদ্দীপনামূলক মনোভাব পোষন করে কমপক্ষে ২০টি জেলা প্রথম হবার টার্গেট নিয়ে অংশ গ্রহণ করা যেতে পারে।

০৪। এছাড়াও গত ১৬-০৭-২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত উন্নয়ন মেলা আয়োজন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকল সংস্থা প্রধানকে অনুরোধ করা যেতে পারে।